# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 12 April, 2025

ছোট ছোট মিছিল, মোটরসাইকেল শোভাযাত্রা ও গণপরিবহনে চড়ে ঢাকাসহ দেশের বিভিন্ন প্রান্ত থেকে সোহরাওয়ার্দী উদ্যানে সকাল থেকেই জড়ো হচ্ছেন সাধারণ মানুষ।ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি আগ্রাসনের প্রতিবাদে ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে আয়োজিত ‘মার্চ ফর গাজা’ কর্মসূচিতে অংশ নিতে শেষ সময়ে এসেও থেমে নেই জনস্রোত।দুপুর পেরোলেও এখনও বিভিন্ন গেট দিয়ে মানুষ উদ্যানের ভেতর প্রবেশ করছেন।

শনিবার (১২ এপ্রিল) সোহরাওয়ার্দী উদ্যান ঘুরে দেখা গেছে, সকাল থেকে রাজধানীর বিভিন্ন এলাকা থেকে খণ্ড খণ্ড মিছিল নিয়ে তরুণ, শিক্ষার্থী, বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতাকর্মীদের। অনেকেই হাতে ফিলিস্তিনের পতাকা ও প্রতিবাদী প্ল্যাকার্ড নিয়ে স্লোগান দিচ্ছেন– ‘গাজা শান্তি চায়’, ‘ইসরায়েল নিপাত যাক’, ‘ফিলিস্তিনের শিশুদের রক্ষা করো’।

আবার সোহরাওয়ার্দী উদ্যানে প্রবেশের মুখে চোখে পড়ে ব্যতিক্রমী দৃশ্য– কারও গায়ে ‘□□□□ □□□□□□□□□’ লেখা টি-শার্ট, কারও হাতে ফিলিস্তিনের পতাকা।কেউ মাথায় বেঁধেছেন রুমাল, তাতে আরবি ক্যালিগ্রাফিতে লেখা ‘লা ইলাহা ইল্লাল্লাহ’।

কাঁধে পতাকা ঝুলিয়ে রাখা আরাফাত ইসলাম নামের এক তরুণ বলেন, গাজার মানুষ আমাদের মতোই মানুষ।তাদের ওপর এমন বর্বরতা দেখে ঘরে বসে থাকতে পারিনি।অন্তত একটা বার্তা দিতে এসেছি যে, আমরা তাদের পাশে আছি।

শাহবাগ থেকে মিছিল নিয়ে আসা কলেজছাত্র সোহাগ খান বলেন, আমরা ছোটবেলা থেকেই গাজায় যুদ্ধ দেখে আসছি। আমরা চাই এই কর্মসূচির মাধ্যমে বিশ্ববাসীর চোখ খুলে যাক।গাজার শিশুদের মুখে হাসি ফেরানোর জন্য বিশ্ব নেতারা যেন কিছু করেন।গাজার মানুষের জন্য আমরা বুক পেতে দিতেও রাজি।

অন্যদিকে, বিপুল জমায়েত ঘিরে যেন কোনো ধরনের অনভিপ্রেত পরিস্থিতি তৈরি না হয় সেজন্য সোহরাওয়ার্দী উদ্যান ও এর আশপাশের এলাকায় অতিরিক্ত পুলিশসহ বিভিন্ন বাহিনী ও সংস্থার সদস্যদের মোতায়েন করা হয়েছে।

উল্লেখ্য, ফিলিস্তিনিদের সঙ্গে সংহতি প্রকাশ করতে আজ (শনিবার) ঢাকার সোহরাওয়ার্দী উদ্যান হবে ‘মার্চ ফর গাজা’ কর্মসূচি।বিকেল ৩টায় এই গণজমায়েত শুরু হওয়ার কথা রয়েছে।

সোহরাওয়ার্দী উদ্যান ফিলিস্তিন নেতাকর্মী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:12